

# Delhi sultanate dynasty (দিল্লি সুলতান শাসন):

Delhi sultanate dynasty (দিল্লি সুলতান শাসন):

সময়কাল : ( ১২০৬ থেকে ১৫২৬ )

প্রতিষ্ঠাতা : পৃথীরা চৌহান দ্বিতীয় তরাইনের যুদ্ধে ১১৯২ খ্রিস্টাব্দে শাহবুদ্দিন মোঃ ঘুরির নিকট পরাজিত হওয়ার পর ভারতে দিল্লি সুলতানের প্রতিষ্ঠিত হয়। তবে মোহাম্মদ ঘড়ি কিছুদিনের মধ্যেই মারা যান, এবং ১২০৬ খ্রিস্টাব্দে কুতুবুদ্দিন আইবক দিল্লিতে পরবর্তী সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন। কুতুবউদ্দিন আইবক যেহেতু দাস বংশের লোক ছিলেন তাই পরবর্তীকালে তিনি দাস বংশ প্রতিষ্ঠা করেছিলেন দাস বংশ (১২০৬ থেকে ১২৯০) ৮৪ বছরঃ কুতুবউদ্দিন আয়বককে দাস বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা হিসেবে ধরে নেওয়া হয়।

কুতুবউদ্দিন আয়বক:

- তিনি সুলতান উপাধি ধারণ করেছিলেন
- লাহোরে নিজের রাজধানী স্থাপন করেছিলেন
- দানধ্যান করার জন্য তাকে লাখ বক্স বা লক্ষ দাতা বলা হয়
- কুতুব মিনার নির্মাণ শুরু করেছিলেন ( পরবর্তীকালে ইলতুৎমিস এই কাজটি পুরো সম্পন্ন করেন)
- তিনি দিল্লিতে কওয়াত উল মসজিদ তৈরি করেছিলেন
- তিনি আজ মেরে আড়াই দিন কা ঝগড়া তৈরি করেন

১২১০ খ্রিস্টাব্দে ঘোড়ায় চড়ে চৌকান খেলতে গিয়ে কুতুবুদ্দিন আইবকের মৃত্যু হয়। কুতুবউদ্দিন আইবকের মৃত্যুর পর তার পুত্র আরামশাহ অকর্মণ্য ছিল তাই তার জামাতা বদাউনের শাসনকর্তা ইলটুৎমিস সিংহাসনে বসেন।

শামসুদ্দিন ইলতুৎমিশ ( ১২১১ থেকে ১২৩৬ খ্রিস্টাব্দ):

- দাস বংশের শ্রেষ্ঠ শাসক ছিলেন
- তিনি ইল বাড়ি তুর্কি প্রকৃত প্রতিষ্ঠাতা
- ১২১১ সালে ইলতুৎমিস আরাম শাহকে পরাজিত করে সিংহাসনে বসেন
- কুতুবউদ্দিন আয়বক যেখানে রাজধানী স্থানান্তর করেছিলেন (লাহোর), সেখান থেকে তিনি তার রাজধানীর স্থানান্তরিত করে দিল্লিতে নিয়ে আসেন।
- কুতুব মিনারের কাজ পুরোপুরি সম্পন্ন করেন
- আজমির শরীফ মসজিদ নির্মাণ করেন
- কিন্তু ইলটুৎমিস রুপোর দ্বারা তৈরি মুদ্রা টংকা ( ১৭৫ গ্রাম) ( মনে রাখার বিষয়ঃ টাকলা মানুষের রূপ থাকে না)
- তামার তৈরি মুদ্রা তিনি জিতল প্রচলন করেন ( মনে রাখার বিষয়ঃ খেলাধুলা হওয়ার পর জিতে আমাদেরকে তামার জিনিস দেওয়া হয়)
- ইকতা প্রথার প্রবর্তন করেছিলেন
- ৪০ জন অভিজত তুর্কিদের নিয়ে তিনি চল্লিশ চক্র তৈরি করেছিলেন
- ইলতুৎমিশে রাজত্বকালেই দুর্ধর্ষ মঙ্গল নেতা চেঙ্গিস খা, মধ্য ও পশ্চিম এশিয়ার নানা রাজ্য জয় করে
- তার নিজের দিল্লির সাম্রাজ্যকে তিনি বিশ্বের বুকে খালিফা বাগদাদ নামে পরিচয় দিয়েছিলেন
- তবাকাৎ ই নাসারীর লেখক মিনহাজ উস সিরাজ তার সমসাময়িক ছিল

# Delhi sultanate dynasty (দিল্লি সুলতান শাসন):

রাজিয়া সুলতানা (১২৩৬ থেকে ১২৪০):

- সুলতানি সাম্রাজ্যে তিনি প্রথম মহিলা শাসক
- লাহোরের শাসনকর্তা কিবর খান তার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে এছাড়াও মুলতান, লাহোর , ভাটিগার শাসকগণ তার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন
- ভাটিগার শাসনকর্তা আলতুনিয়া রাজিয়াকে বন্দী করেন
- রাজিয়া কূটনৈতিক কৌশলে আলতুনিয়া কে বিবাহ করেন

(১২৪০ খ্রিস্টাব্দের পর থেকে ১২৬৬ খ্রিস্টাব্দ পর্যন্ত যে সমস্ত সম্রাট রাজত্ব করেছেন তাদের গুরুত্ব ইতিহাসের বুকুে খুব কম

যমেন -বাহারাম শাহ, আলাউদ্দিন মাসুদ শা, নাসির উদ্দিন মাহমুদ সহ)

গিয়াসউদ্দিন বলবন ( ১২৬৬ থেকে ১২৮৭) ২১ বছর :

- যে চল্লিশ চক্রের ক্ষমতা প্রতিষ্ঠা করেছিলেন সেই ক্ষমতা কে তিনি খর্ব করেন এবং সুলতানের মর্যাদা প্রতিষ্ঠা করেন
- দেশের বিভিন্ন জায়গায় খবরা-খবর রাখার জন্য তিনি গুপ্তচর রারিদ নিয়োগ করেন
- গিয়াসউদ্দিন বলবন নিজের ক্ষমতাকে প্রতিষ্ঠা করার জন্য তিনি বিশাল সৈন্যবাহিনী গঠন করেন (দিওয়ান-ই- আর্চ) , যাতে মঙ্গল আক্রমণ প্রতিহত করতে পারেন
- তিনি নবরোজ বা বসন্ত উৎসব প্রচলন করেছিলেন
- তিনি একটি সেনা দপ্তর প্রতিষ্ঠা করেছিলেন যেটি দেওয়ান ই আর্চ নামে পরিচিত
- তিনি নিজেকে নিয়াবত ই খদাই নামে আখ্যায়িত করেন
- পারসিক দৃষ্টান্ত অনুসারে তিনি পাইবস ও সিজদা প্রথার প্রচলন করেছিলেন ( পাইবস কথার অর্থ হলো সম্রাটের পদযুগল চুম্বন, সিজদা কথার অর্থ হল সম্রাটের সামনে নতজানু হওয়া)
- তিনি নিজেকে জিল-ইল্লাহি বলে আখ্যায়িত করেছিলেন ( জিল-ইল্লাহি কথার অর্থ হলো ঈশ্বরের ছায়া)